

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৯৩

শান্তিরবাজার, ৩০ ডিসেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০
মনু এডিসি ভিলেজে বিকাশ শিবির

প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে গতকাল বকাফা ইউনিয়নে মনু এডিসি ভিলেজ কার্যালয় প্রাঙ্গনে বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে বকাফা পথগায়েত সমিতির চেয়ারম্যান শ্রীদাম দাস, ইউনিয়ন পরিষদ অধিকারী মজুমদার এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। বিকাশ শিবির উপলক্ষে বিভিন্ন সরকারি দপ্তরের প্রদর্শনী স্টল খোলা হয়। এসব স্টল থেকে ভিলেজবাসীর মধ্যে বিভিন্ন প্রকল্প ও পরিষেবার সুবিধা প্রদান করা হয়। তার মধ্যে শান্তিরবাজার মহকুমা শাসক কার্যালয়ের পক্ষ থেকে ১৭৯টি পিআরটিসি, ১২৭টি এসটি, ৬টি ওবিসি, ১৪টি ইনকাম, ১২টি ই-শ্রম কার্ড এবং ৭৬টি ম্যারেজ সার্টিফিকেট পাওয়ার আবেদনপত্র জমা নেওয়া হয়। স্বাস্থ্য দপ্তর থেকে ৫৩ জনের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষুধ দেওয়া হয়। বন দপ্তর থেকে ১২ জনকে গাছের চারা, মৎস্য দপ্তর থেকে ১ জন মৎস্যচাষীকে ২০ কেজি চুন, ১ জনকে কনিজাল, ১ জনকে আইস বক্স দেওয়া হয়।
